

স্মারক নং- ৩৭.০২.৯০৪৭.০০০.০৬.০০১.২১.১০২

তারিখঃ ০৮/১০/২০২৬ ইং

তফসিল বিজ্ঞপ্তি

উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ মহোদয়ের অফিস স্মারনং- ০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২৬-৮৫০, তারিখ: ০৬/১০/ ৩৯ এর আদেশ বলে সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন আটপাড়া উচ্চ বিদ্যালয় এর নতুন ম্যানেজিং কমিটি গঠনে প্রিজাইডিং অফিসার নিয়োগ প্রাপ্ত হয়ে আমি অরূপ কুমার রায়, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা: জগন্নাথপুর, জেলা: সুনামগঞ্জ ও প্রিজাইডিং অফিসার, এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আটপাড়া উচ্চ বিদ্যালয়, ডাক : গোবিন্দ বাজার, উপজেলা: জগন্নাথপুর, জেলা : সুনামগঞ্জ এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য প্রতিষ্ঠাতা সদস্য, দাতা সদস্য, সাধারণ অভিভাবক সদস্য, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য, সাধারণ শিক্ষক সদস্য ও মহিলা শিক্ষক সদস্য নির্বাচিত করার জন্য নিম্নোক্ত সময় সূচী ঘোষণা করছি।

- (ক) প্রিজাইডিং অফিসারের নিকট মনোনয়ন পত্র গ্রহণ ও জমা দানের তারিখ- ১৩/১০/২৬, ১৪/১০/২৬ ও ১৫/১০/২৬
(মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত)
- (খ) প্রিজাইডিং অফিসার কর্তৃক মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ - ১৭/১০/২০২৬ (শনিবার বিকাল ২.০০ ঘটঃ)
- (গ) প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ - ১৯/১০/২০২৬ (মঙ্গলবার বিকাল ২.০০ ঘটঃ মধ্যে)
- (ঘ) ভোট গ্রহণের তারিখ - ০৪/১১/২০২৬ (বুধবার সঃ ১০.০০ থেকে বিঃ ৪.০০ পর্যন্ত)

উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এডহক কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মনোনয়ন পত্রের মূল্য ১০০০/- ও অন্যান্য ফি ৬,০০০/- সর্বমোট= ৭,০০০/- (সাত হাজার টাকা) অফেরত যোগ্য (প্রতিষ্ঠাতা, দাতা, সংরক্ষিত মহিলা অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি ব্যতীত) রশিদ প্রাপ্তি সাপেক্ষে জমাদান পূর্বক স্ব- স্ব প্রার্থীগণ মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান করতে পারবেন, বাছাই ও প্রত্যাহার কার্যক্রম উল্লিখিত প্রার্থীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) অত্রাফিসে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে যদি কোন প্রার্থী অনুপস্থিত থাকেন তা হলে পরবর্তীতে কোন প্রকার অজুহাত গ্রহণ যোগ্য হবে না। উল্লেখ্য যে আগামী ০৪/১১/২০২৬ খ্রি: রোজ বুধবার সকাল ১০.০০ ঘটঃ হতে বিকাল ৪.০০ ঘটঃ পর্যন্ত বিরতিহীনভাবে আটপাড়া উচ্চ বিদ্যালয়, উপজেলা: জগন্নাথপুর, জেলা: সুনামগঞ্জ এ ভোট গ্রহণ কার্যক্রম অনুষ্ঠিত হবে।

(অরূপ কুমার রায়)

উপজেলা একাডেমিক সুপারভাইজার

ও

প্রিজাইডিং অফিসার

আটপাড়া উচ্চ বিদ্যালয়

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

তারিখঃ ০৮/১০/২০২৬ ইং

স্মারক নং- ৩৭.০২.৯০৪৭.০০০.০৬.০০১.২১.১০২/১(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ কার হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সুনামগঞ্জ।
০২। প্রধান শিক্ষক, আটপাড়া উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
(তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৩। সভাপতি, আটপাড়া উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
০৪। নোটিশ বোর্ড।
০৫। অফিস সংরক্ষন নথি।

(অরূপ কুমার রায়)

উপজেলা একাডেমিক সুপারভাইজার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস

জগন্নাথপুর, সুনামগঞ্জ।